# TAJWEED101

## Before Class Test

'আরবি হরফ ২৯ টি ; পড়তে হয় ৩ ভাবে- টান ছাড়া, কম টান, বেশী টান'

১. ا আলিফ (টান ছাড়া; পাতলা)
**~হলকের শুরু হইতে।**
*আলিফ উচ্চারণে ৪ কাজঃ
সামনের উপরের দাঁত, নিচের ঠোঁটের পেট, বাতাস চালু থাকবে, মুখে হাসি ভাব থাকবে।

২. ب বা (কম টান, পাতলা)
**~দুই ঠোঁটের ভেজা জায়গা হইতে।**

৩. ت তা (কম টান, পাতলা)
**~জিহবার আগা সামনের উপরের দুই দাঁতের গোড়ার সাথে লাগাইয়া।**

৪. ث ছা (কম টান, পাতলা)
**~জিহবার আগা দাঁতের আগা নরম আওয়াজ কম টান।**

৫. ج জীম (বেশী টান, পাতলা)
**~জিহবার মধ্যভাগ তার বরাবর উপরের তালুর সাথে লাগাইয়া।**
*শক্ত মজবুত আওয়াজে।

৬. ح হা (কম টাম, পাতলা)
**~কন্ঠনালীর মধ্যখান হইতে বাতাসকে চাপাইয়া।**

৭. خ খ (কম টান, মোটা)
**~কন্ঠনালীর শেষভাগ হইতে আওয়াজকে প্যাঁচাইয়া**

৮. د দাল (বেশী টান, পাতলা)
**~জিহবার আগা সামনের উপরের দুই দাঁতের গোড়ার সাথে লাগাইয়া।**
*বাংলা 'দ' এর মতো

৯. ذ যাল (বেশী টান, পাতলা)
**~জিহবার আগা দাঁতের আগা নরম আওয়াজ বেশী টান।**
*আরবী 'ছা' এর মতো উচ্চারণ

১০. ر র (কম টান)
**~জিহবার আগার উল্টাপিঠ তার বরাবর উপরের তালুর সাথে লাগাইয়া।**
*বাংলা 'র' এর মতো
**যবর পেশ থাকলে মোটা; যের থাকলে পাতলা

১১. ز ঝা (কম টান, পাতলা)
**~জিহবার আগা সামনের নিচের দুই দাঁতের গোড়ার সঙ্গে লাগাইয়া।**
*ঝিঁঝিপোকার আওয়াজে, বাংলা 'ঝা' এর মতো

১২. س ছীন (বেশী টান, পাতলা)
**~জিহবার আগা সামনের নিচের দুই দাঁতের গোড়ার সঙ্গে লাগাইয়া।**
*ইংরেজি 'C' এর মতোন চিকন আওয়াজে

১৩. ش শীন (বেশী টান, পাতলা)
**~জিহবার মধ্যভাগ তার বরাবর উপরের তালুর সাথে লাগাইয়া।**
*শশশ এর 'শ' মতোন

১৪. ص ছোয়োদ (বেশী টান, মোটা)
**~জিহবার আগা সামনের নিচের দাঁতের আগার  সাথে লাগাইয়া।**
*মোটা আওয়াজে

১৫. ض দোয়োদ (বেশী টান, মোটা)
**~জিহবার গোড়ার কিনারা উপরের মাড়ির দাঁতের গোড়ার সাথে লাগাইয়া।**

১৬. ط ত্ব (কম টান, মোটা)
**~জিহবার আগা সামনের উপরের দুই দাঁতের গোড়ার সাথে লাগাইয়া।**

১৭. ظ য্ব (কম টান, মোটা)
**~জিহবার আগা দাঁতের আগা নরম আওয়াজ মোটা।**

১৮. ع আইন (বেশী টান, পাতলা)
**~কন্ঠনালীর মধ্যখান হইতে আওয়াজ কে চাপাইয়া।**

১৯. غ গইন (বেশী টান, পাতলা)
**~কন্ঠনালীর শেষভাগ হইতে আওয়াজকে প্যাঁচাইয়া।**

২০. ف ফা (কম টান, পাতলা)
**~উপরের দাঁতে নিচের ঠোঁটের পেট বাতাস চালু।**

২১. ق ক্বফ (বেশী টান, মোটা)
**~জিহবার গোড়া তারবরাবর উপরের তালুর সাথে লাগাইয়া**
*দাঁড়কাকের আওয়াজে ক্বফ।

২২. ك কাফ (বেশী টান, পাতলা)
**~জিহবার গোড়া হইতে একটু আগ বাড়াইয়া তার বরাবর উপরের তালুর সাথে লাগাইয়া।**
*পাতি কাকের আওয়াজে কাফ

২৩. ل লাম (বেশী টান, পাতলা)
**~জিহবার আগার কিনারা সামনের উপরের দাতের পিছনের মাড়ির সাথে লাগাইয়া।**
*বাংলা ল আকার লা এর মতো লাম
*মুখ পাশ  থাকবে

২৪. م মীম (বেশী টান, পাতলা)
**~দুই ঠোঁটের শুকনো জায়গা হইতে মীম।**

২৫. ن নূন (বেশী টান, পাতলা)
**~জিহবার আগা তালুর সাথে লাগাইয়া।**
*দন্ত্যন এর মতো উচ্চারণ

২৬. و ওয়াও (বেশী টান, পাতলা)
**~ দুই ঠোঁটের মধ্যখান হইতে।**
*দুই ঠোঁট গোল করে, পাশ করে আবার গোল

২৭. ه হা (কম টান, পাতলা)
**~কন্ঠনালীর শুরু হইতে।**
*বাংলা হ আকার হা এর মতো

২৮. ء হামযা (টান ছাড়া, পাতলা)
**~কন্ঠনালীর শুরু হইতে।**

২৯. ى ঈয়া (কম টান, পাতলা)
**~জিহবার মধ্যভাগ তার বরাবর উপরের তালুর সাথে লাগাইয়া।**

Note:
*মোটা ফরফ ৭ টিঃ ق , خ , غ , ظ , ط , ض ,ص
-মুখ উপর নিচ থাকবে
*পাতলা হরফ মুখ পাশ থাকবে
*বানান করতে একটি হরফ লাগলে কম টান
*বানান করতে বেশি হরফ লাগলে বেশি টান
*টান ছাড়া- ء , ا
[Module 01-09]

## After Class Test

**হরফের উচ্চারণের পার্থক্য (মডিউল ১০,১১)**

**ا - ع - ى**
**ب - و**
**ت - ط**
**ث - س - ص - ش**
**ج - ذ - ز - ظ**
**ح - ه**
**د - ض**
**ق - ك**

• আরবী ২৯ টি হরফের মধ্যে **৬ টি হরফ কন্ঠনালীর মধ্যখান হইতে উচ্চারিত হয়- *হুরুফে হালকি*।**

**ء , ه , ع , ح , غ , خ**

• **কাছাকাছি হরফ**


জ্বীম, শীন, ঈয়া
~ জিহবার মধ্যভাগ তার বরাবর উপরের তালুর সাথে লাগাইয়া ; শক্ত মজবুত আওয়াজে।
জ্ব, যাল, ছা
~ জিহবার আগা দাঁতের আগা।
স্ব, দাল, তা
~ জিহবার আগা সামনের উপরের দুই দাঁতের গোড়ার সাথে লাগাইয়া।
ছোয়াদ, ছীন, ঝা
~ জিহবার আগা সামনের নিচের দুই দাঁতের গোড়ার সাথে লাগাইয়া।
আইন, হা
~ কন্ঠনালীর মধ্যভাগ হইতে আওয়াজকে চাপাইয়া
গইন, খ।
~ কন্ঠনালীর মধ্যখান হইতে আওয়াজকে প্যাঁচাইয়া।

Note:

- হায়ে হুত্তি - বড় হা ~ গলা চাপিয়ে
- হায়ে হাওয়াজ - ছোটো হা ~ গলা ছেড়ে
- লামে তাকিদ - লা শব্দে টান না দিলে অর্থ পরিবর্তন হয়ে যায়।

[Module 11,12]

**যুক্ত হরফ শিক্ষা (মডিউল ১২,১৩)**
নকশা-



*"১ দাঁত, হা এর মাথা, ৩ দাঁত, ছোয়োদ এর মাথা, ত্ব
আইন এর মাথা, গোল মাথা, লামের মাথা, মীম "*

- ১ দাঁত দিয়ে ৫ হরফ

**ب, ت, ث, ن, ي**

*বাক্যের সবশেষে তা হলে সেটা 'গোল তা' হয়।*

- হা এর মাথা দিয়ে ৩ হরফ

**ج, ح, خ**

- ৩ দাঁত দিয়ে ২ টি হরফ

**س, ش**

- ছোয়োদ এর মাথা দিয়ে ২ টি হরফ

**ص, ض**

- ত্ব দিয়ে ২ হরফ

**ط, ظ**

- আইন এর মাথা দিয়ে ২ হরফ

**ع, غ**

*মাঝে এবং শেষে চ্যাপ্টা মাথা চিনে রাখতে হবে।*

- গোল মাথা দিয়ে ২ হরফ

**ف, ق**


- লাম এর মাথা দিয়ে ৩ হরফ
  ل (শুরুতে, মাঝে আসলে), ا (শেষে আসলে), ك (মাথার উপরে আড়াআড়ি দাগ থাকলে)

- মীম দিয়ে ২ হরফ

**م, ه**

[Module 12,13]

**হারাকাত তানভীন (মুডল ১৪,১৫)**
লাইন-




*'আরবীতে আকার একার ৫ টি -*
*যবর, যের, পেশ, জজম, তাশদীদ'*

*'১ যবর, ১ যের, ১ পেশ কে হরকত বলে।*
*হরকত এর উচ্চারণ তাড়াতাড়ি করতে হয়।'*
আ, ই , উ

*'২ যবর, ২ যের, ২ পেশ কে তানভীন বলে।*
*তানভীন এর উচ্চারণ তাড়াতাড়ি করতে হয়।*
*গুণগুণ আওয়াজে পড়িতে হয়।'*
আন, ইন, উন

*'জজম ওয়ালা হরফ একা পড়া যায় না।*
*ডানদিকের হরকতের উচ্চারণের সঙ্গে,*
*একত্রে একবার পড়িতে হয়।'*
হামযাহ লাম যবর=আল, হা মীম যবর=হাম

*'তাশদীদ ওয়ালা হরফ ২ বার পড়িতে হয়।*
*প্রথমবার ডানদিকের হরকতের উচ্চারণের সঙ্গে, (জজম এর মতো)*
*দ্বিতীয়বার নিজ হরকতের উচ্চারণ'*
লাল লাম যের লিল, লাম খাড়া যবর লা=লিল্লা

Note:
• শব্দের শুরুতে আলিফ খালি থাকলে যবর দিয়ে পড়তে হয়।
• আলিফ এর সাথে কোনোকিছু থাকলে সেটা হামযা।
[Module 14,15]